



জাকসু ভোটে শিবির সভাপতির আচরণবিধি ভঙ্গের অভিযোগ ছাত্রদলের



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জাকসু নির্বাচনে আচরণবিধি ভঙ্গের অভিযোগ তুলেছে ছাত্রদল। তাদের দাবি, ছাত্রশিবির সভাপতি মুহিবুর রহমান নির্বাচনের দিনে কাজী নজরুল ইসলাম হলে প্রবেশ করে প্রায় এক ঘণ্টা অবস্থান করেন। রিটার্নিং অফিসারের কাছে এ বিষয়ে লিখিত অভিযোগও জমা দেওয়া হয়েছে।

৩৩ বছর পর আয়োজিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচনে আচরণবিধি ভঙ্গের অভিযোগ ঘিরে তৈরি হয়েছে নতুন বিতর্ক। আজ বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) সকালে ছাত্রদল অভিযোগ তোলে যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হলে গেষ্টরুম দেখার অজুহাতে প্রবেশ করেন ছাত্রশিবির সভাপতি মুহিবুর রহমান। এরপর তিনি হলের একটি রুমে প্রায় এক ঘণ্টা অবস্থান করার পর বেরিয়ে আসেন।

অভিযোগকারীরা এ ঘটনায় হলের রিটার্নিং অফিসার মীর ফেরদৌসকে অবহিত করেন। একইসঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন তোলেন তারা। এদিকে সকাল ৯টা থেকে শুরু হওয়া ভোটগ্রহণ চলবে বিকেল ৫টা পর্যন্ত। দীর্ঘ বিরতির পর নির্বাচন হওয়ায় ক্যাম্পাসজুড়ে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, ভোট সুষ্ঠু করতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

জাকসু নির্বাচনে মোট ভোটার ১১ হাজার ৭৪৩ জন। এর মধ্যে ছাত্রী ৫ হাজার ৭২৮ এবং ছাত্র ৬ হাজার ১৫ জন। কেন্দ্রীয় সংসদের ২৫টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ১৭৭ জন প্রার্থী। একইসঙ্গে ২১টি হল সংসদের নির্বাচনও চলছে।

সহসভাপতি (ভিপি) পদে লড়ছেন ৯ জন প্রার্থী, সাধারণ সম্পাদক (জিএস) পদে ৮ জন, যুগ্ম সাধারণ সম্পাদক (নারী) পদে ৬ জন এবং যুগ্ম সাধারণ সম্পাদক (পুরুষ) পদে লড়ছেন ১০ জন প্রার্থী।